বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়, রাজবাড়ী।
Email: crmrajbari@krishibank.org.bd
ফোন ঃ ০২-৪৭৮৮০৭৪৬৯

**বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী গণশুনানি ও ফিডব্যাক কমিটির সভায় প্রথম ত্রৈমাসিক সভায় মতামত ও গৃহীত সিদ্ধান্ত।**

COVID-19 সংক্রমণ রোধকল্পে স্বাস্থ্যবিধি পরিপালন সর্বোচ্চ অগ্রাধিকার

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজবাড়ী মুখ্য অঞ্চলের গণশুনানি ও ফিডব্যাক প্রথম ত্রৈমাসিক সভা অদ্য ৩০-০৯-২০২১ ইং তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ৪.০০ ঘটিকার সময় মুখ্য আঞ্চলিক কার্যালয়ে মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সকল সদস্য, রাজবাড়ী শাখার ব্যবস্থাপক, একজন ঋণ গ্রহীতা ও একজন হিসাবধারীর উপস্থিতিতে সভায় সভাপতিত্ব করেন মোহাঃ আতিকুর রহমান, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, রাজবাড়ী।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত গণশুনানি ও ফিডব্যাক প্রথম ত্রৈমাসিক সভায় আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়/কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত ঃ**

ক) বিকেবি, শ্রীপুর শাখার সম্মানীত হিসাবধারী জনাব মোঃ ফজের আলী বলেন আমি একজন কৃষক এবং টেইলারিং ব্যবসায়ী। বাংলাদেশ কৃষি ব্যাংকের সাথে আমি বহু বছর ধরে লেনদেন করে আসছি। দেশে অনেক ব্যাংক আছে তবে দেশের সাধারণ মানুষের সেবা দানে একমাত্র কৃষি ব্যাংকই সবার উপরে তাই কৃষি ব্যাংক ছেড়ে যেতে পারিনা। আমি সবসময় কৃষি ব্যাংকের উন্নতি কামনা করি ;

খ) বিকেবি, শ্রীপুর শাখার সম্মানীত সিসি ঋণ গ্রহীতা জনাব মোঃ আঃ মান্নান বলেন আমি সোনালী ব্যাংকের গ্রাহক ছিলাম, সেখানে আরটিজিএস সুবিধা নাই এবং ঋণ নিতে বন্ধকী দলিল সম্পাদন করতে খরচ বেশি হওয়ায় আমি ২০২০ সাল থেকে কৃষি ব্যাংকের একজন সিসি ঋণ গ্রহীতা। শুরুতে আমার ঋণ ছিল ১২.০০ লক্ষ টাকা, বর্তমানে আমার ঋণের পরিমান ২০.০০ লক্ষ টাকা। কৃষি ব্যাংক শ্রীপুর শাখার ঋণ বিতরণের কার্যক্রমে আমি খুবই সন্তুষ্ট। শাখার সকল কর্মকর্তা খুবই ভাল তাদের সেবার মান অনেক ভাল। সিসি ঋণ গ্রহীতাদের সাথে ব্যাংক থেকে সব সময় তদারকি করলে ভাল হয়। গ্রাহক সেবা পেতে কোন রকম হয়রানির সম্মুক্ষীন হতে হয় না। শাখার সার্বিক কার্যক্রম ও পরিবেশ ভাল;

গ) বিকেবি, শ্রীপুর শাখার ব্যবস্থাপক জনাব জি এম আশরাফ হোসেন মোল্লা জানান আমার দায়িত্ব গ্রহণ কালে শাখায় যে পরিমান আমানত ও ঋণের স্থিতি ছিল তার থেকে এখন অনেক বৃদ্ধি পেয়েছে। শুধুমাত্র সেবার মান বৃদ্ধি হওয়ায় এটা সম্ভব হয়েছে একইসাথে সকল শাখা অনলাইন হওয়ায় এবং আরটিজিএস সুবিধা চালু হওয়ায় বর্তমানে নগদ তহবিল ঘাটতি কমে গেছে। শাখাটি উপজেলা সংলগ্ন তাই এখানে জরুরী ভিত্তিতে একটি টাকা গণনা মেশিন প্রয়োজন। ইতিমধ্যে শাখার আমানতের লক্ষ্যমাত্রার ৪১% অর্জন করেছি; এবং

ঘ) অত্র মুখ্য অঞ্চলের মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক জনাব মোহাঃ আতিকুর রহমান বলেন বাংলাদেশ কৃষি ব্যাংক একটি রাষ্ট্রিয় ব্যাংক তাই আপনাদেরকে সেবা প্রদানের জন্য আমাদেরকে ইতিবাচক মনোভাব তৈরী করতে হবে। আশাকরি ব্যাংকের সার্বিক কর্মপরিবেশ আরো উন্নত হবে। তিনি বলেন এখন থেকে আরটিজিএস ও অনলাইন চার্জ ফ্রি করা হয়েছে এটা আমাদের কৃষি ব্যাংকের জন্য অনেক ভাল একটি খবর। বর্তমানে চালান এর মাধ্যমে টাকা জমা করা যায়। আমাদের সেবার মান বাড়াতে হবে, স্বল্প সুদবাহী আমানত সংগ্রহ করতে হবে। আমাদের ইতিবাচক মনোভাব তৈরী করতে হবে। সব সময় মাস্ক পরিধান করতে হবে, অফিসের ভিতরে ও বাইরে পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে যেন করোনা ভাইরাস ও ডেঙ্গুর প্রকোপ থেকে রক্ষা পাওয়া যায়। সর্বশেষ উপস্থিত সকলকেই ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম মুলতবি ঘোষণা করেন।

৩০/০৯/২১
মোঃ নিয়ামত উল্লাহ
সদস্য, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
উর্দ্ধতন মুখ্য কর্মকর্তা

মোঃ মোকছেদ আলী চৌধুরী
সদস্য, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
উর্দ্ধতন কর্মকর্তা

৩০/০৯/২১
মোছাঃ সারেশা খাতুন
সদস্য, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
কর্মকর্তা

Rahman ৩০/০৯/২১
মোঃ হাফিজুর রহমান
সদস্য সচিব আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
উঃ কর্মকতা

৩০/০৯/২১
মোহাঃ আতিকুর রহমান
আহবায়ক, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ
০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-০১ ও ০২ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর (প্রশাসন মহাবিভাগ), বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।
০৫। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর।
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, রাজবাড়ী।
০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজবাড়ী মুখ্য অঞ্চল, রাজবাড়ী।
০৯। অফিস নথি।

Scanned with CamScanner